সংস্কৃতি মন্ত্রণালয়ের অনুদান ও ভাতার জন্য দরখাস্ত আহ্বান

চেম্বার ডেস্ক:: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরে সক্রিয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে নীতিমালা ও শর্তাবলী অনুসরণ পূর্বক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে।

এ প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moca.gov.bd) অথবা সিলেট জেলা প্রশাসকের কার্যালয় সিলেট বা জেলা শিল্পকলা একাডেমি, সিলেট কার্যালয় থেকে বিনামূল্যে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০। আবেদনপত্র জমা দেওয়ার স্থান জেলা প্রশাসকের কার্যালয় সিলেট।

সিলেট জেলার আগ্রহী সংস্কৃতিসেবী ও সাংস্কৃতিক সংগঠনসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানিয়েছেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত।

উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থবছরে কল্যাণ অনুদান খাত হতে মাসিক কল্যাণ ভাতা প্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের চলতি অর্থবছরে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।